কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

Email- pmthrd@kb.gov.bd

কব্যপ্রমাসবি পরিপত্র নং- ০৮/২০১৮ তারিখ: ০৬.০৯.২০১৮

**বিষয়: কর্মসংস্থান ব্যাংকের কর্মচারীদের জন্য "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) নীতিমালা-২০১৮।**

কর্মসংস্থান ব্যাংকের কোনো নিয়মিত কর্মকর্তা/কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পদনাম/শ্রেণী অনুযায়ী তার মনোনীত/আইনানুগ উত্তরাধিকারীকে অনুদান প্রদানের জন্য "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) পরিচালনা বোর্ডের ২১.১১.১৯৯৯ ইং তারিখে অনুষ্ঠিত ২৭ তম সভার অনুমোদনক্রমে প্রশাসন বিভাগের ২৩.০১.২০০০ ইং তারিখের প্রশাসন পরিপত্র নং- ০১/২০০০ মোতাবেক জারি করা হয়। এ ব্যাংকের কোনো কর্মচারী চাকুরীরত/পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় অনুদানের হার/পরিমান পুন:নির্ধারণের জন্য পরিচালনা বোর্ডের ১৬.০৮.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৬৫ তম বোর্ড সভায় উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে তা অনুমোদিত হওয়ায় ইত:পূর্বে জারিকৃত সকল পরিপত্র/সার্কুলার লেটার বাতিল করে পূর্ণাঙ্গ "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) নীতিমালা-২০১৮ জারি করা হলো।

০২। উক্ত নীতিমালার আওতায় ব্যাংকের কোনো স্থায়ী কর্মচারী চাকুরীরত/পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করলে সংশ্লিষ্ট কর্মচারীর পদনাম/শ্রেণী অনুযায়ী তার মনোনীত/আইনানুগ উত্তরাধিকারীকে নিম্নলিখিত হারে মৃত্যু পরবর্তী অনুদান প্রদান করা হবে :

| ক্র: নং | পদনাম/শ্রেণী | মৃত্যু পরবর্তী অনুদানের পরিমাণ |
|---|---|---|
| ১. | মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব | ১০,০০,০০০/- |
| ২. | উপ-মহাব্যবস্থাপক | ৮,০০,০০০/- |
| ৩. | সহকারী মহাব্যবস্থাপক এবং সমমানের কর্মকর্তা | ৭,০০,০০০/- |
| ৪. | সিনিয়র প্রিন্সিপাল অফিসার এবং সমমানের কর্মকর্তা | ৬,০০,০০০/- |
| ৫. | প্রিন্সিপাল অফিসার এবং সমমানের কর্মকর্তা | ৫,০০,০০০/- |
| ৬. | সিনিয়র অফিসার এবং সমমানের কর্মকর্তা | ৪,০০,০০০/- |
| ৭. | অফিসার এবং সমমানের কর্মকর্তা | ৩,০০,০০০/- |
| ৮. | তৃতীয় ও চতুর্থ শ্রেণী | ২,৫০,০০০/- |

০৩। "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদানের অর্থ প্রদানের জন্য ব্যাংকের সর্বস্তরের কর্মচারীগণ নির্ধারিত মনোনয়নপত্র (পরিশিষ্ট - 'ক', ফরম নং-০১) অনুযায়ী তাদের পরিবারভুক্ত সদস্যদের মনোনীত করবেন। এই ক্ষেত্রে পরিবারের সংজ্ঞা, ভবিষ্য তহবিল বিধিমালায় (Provident Fund Rules) বর্ণিত সংজ্ঞা প্রযোজ্য হবে। যে সকল কর্মচারীর পরিবার নাই তাদের ক্ষেত্রে নির্ধারিত মনোনয়নপত্র (পরিশিষ্ট -'ক', ফরম নং-০২) প্রযোজ্য হবে। ইত:পূর্বে যে সকল কর্মচারী নির্ধারিত ছকে মনোনয়ন প্রদান করেননি তাদেরকে দুই কপি মনোনয়নপত্র যথাযথভাবে পূরণ করে তালিকাসহ একত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় ৩০.০৯.২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

০৪। প্রধান কার্যালয়ে অবস্থিত ব্যবস্থাপনা পরিচালক/ উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপকের দপ্তরসমূহ ও বিভিন্ন বিভাগের কর্মচারীদের মধ্যে যে সকল কর্মচারী ইত:পূর্বে নির্ধারিত ছকে মনোনয়ন প্রদান করেননি তাদেরকে মনোনয়নপত্র (প্রত্যেকের দুই কপি) উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় ৩০.০৯.২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

০৫। ভবিষ্যতে ব্যাংকে নতুন যোগদানকৃত কর্মচারীদেরকে তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ /কার্যালয় প্রধানের মাধ্যমে নির্ধারিত ছকে মনোনয়নপত্র প্রেরণ করতে হবে;

০৬। মনোনয়নপত্র প্রেরণকালে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ /কার্যালয় প্রধানগণকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করতে হবে যে, তাদের অধীনে কর্মরত সকল কর্মচারীর মনোনয়নপত্র প্রেরণ করা হয়েছে। মনোনয়নপত্রে মনোনয়নদানকারী কর্মচারীর স্বাক্ষর অবশ্যই নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ /কার্যালয় প্রধান কর্তৃক সীলমোহরসহ সত্যায়িত হতে হবে;

০৭। কোনো কর্মচারী মনোনীত পোষ্য/পোষ্যদের নাম পরবর্তীতে পরিবর্তন করতে চাইলে এতদুদ্দেশ্যে প্রণীত নির্ধারিত মনোনয়নপত্রের (পরিশিষ্ট- 'ক', ফরম নং-০৩) মাধ্যমে সংশ্লিষ্ট কর্মচারী তার/তাদের স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/কার্যালয় প্রধানের অনুমোদন সাপেক্ষে তাহা ঘোষণা করবে;

০৮। "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় মৃত কর্মচারীর মনোনীত/মনোনীতদেরকে অনুদান পাওয়ার জন্য নির্ধারিত আবেদনপত্র (পরিশিষ্ট - 'খ') নিম্নলিখিত কাগজপত্রসহ মৃত কর্মচারীর সর্বশেষ কর্মস্থলে আবেদন করতে হবে। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/কার্যালয় প্রধান উহা পরীক্ষান্তে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করবেন;

(ক) ব্যাংকের অনুমোদিত ডাক্তার/রেজিস্টার্ড ডাক্তার/হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হতে মৃত্যুর প্রত্যয়নপত্র (ডেথ সার্টিফিকেট);

(খ) মৃত কর্মচারীর চাকুরী জীবনের পরিসমাপ্তি সংক্রান্ত তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/কার্যালয় প্রধান কর্তৃক জারিকৃত অফিস নির্দেশের একটি অনুলিপি।

০৯। ব্যাংকের সকল স্তরের কর্মচারীদের "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদানের অর্থ নিম্নবর্ণিত কমিটির সুপারিশ মোতাবেক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ কর্তৃক প্রদান করা হবে :

| ক্র: নং | কমিটি | কমিটির পদ |
|---|---|---|
| ১. | উপ-ব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক | সভাপতি |
| ২. | মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ), কর্মসংস্থান ব্যাংক | সদস্য |
| ৩. | মহাব্যবস্থাপক (হিসাব মহাবিভাগ), কর্মসংস্থান ব্যাংক | সদস্য |
| ৪. | মহাব্যবস্থাপক (নিরীক্ষা মহাবিভাগ), কর্মসংস্থান ব্যাংক | সদস্য |
| ৫. | উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৬. | উপ-মহাব্যবস্থাপক /সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ | সদস্য-সচিব |

ক) কমিটির সভাপতির পদ শূন্য/অনুপস্থিতে কমিটির জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক সভাপতির দায়িত্ব পালন করবেন ;
খ) কমিটির ন্যূনতম ০৪ জন সদস্য উপস্থিত থাকলে সভার কোরাম পূর্ণ হবে এবং সভার কার্যক্রম পরিচালনা করতে পারবে।

১০। উক্ত প্রকল্পের অধীনে প্রদেয় অনুদানের অর্থ ব্যাংকের বাৎসরিক রাজস্ব বাজেট হতে প্রদান করা হবে এবং এতদুদ্দেশ্যে প্রত্যেক অর্থ বৎসরে ব্যাংকের কেন্দ্রীয় বাজেটে একটি আনুমানিক ব্যয় বরাদ্দ রাখা হবে। প্রধান কার্যালয়ের বাজেট, ব্যয় নিয়ন্ত্রণ ও হিসাব সমন্বয় বিভাগ এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১১। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।

(মাহবুবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- কেবি/প্রকা/প্রশা-১২(কর্মী কল্যাণ)/২০১৮-২০১৯/৫৮৪(৩০৪) তারিখ: ০৬.০৯.২০১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :**

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয় এর দপ্তর, প্রশাসন ও পরিচালন/নিরীক্ষা/হিসাব মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ-কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৮. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৯. সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
১০. অফিস নথি।

(কাজী মোঃ হাবিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

পরিশিষ্ট - 'ক'
ফরম নং - ০১

............................. শাখা/কার্যালয়/বিভাগ

.........................................

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: **"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme)**
**এর আওতায় প্রদেয় অনুদানের জন্য মনোনয়নপত্র।**
**(যে সমস্ত কর্মচারীর পরিবার আছে)**
**নাম :**
**ভবিষ্য তহবিলের সূচক সংখ্যা :**
**স্থান :**
**তারিখ :**

মহোদয়,

আমি এই মর্মে ঘোষণা করছি যে, চাকুরীরত/পিআরএল ভোগরত অবস্থায় আমার মৃত্যু হলে নিম্নলিখিত সদস্য/সদস্যদেরকে কর্মসংস্থান ব্যাংকের "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদান তাদের নামের পার্শ্বে উল্লিখিত হারে প্রদান করতে হবে :

| মনোনীত সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | সংশ্লিষ্ট কর্মচারীর সহিত মনোনীত ব্যক্তির সম্পর্ক | মনোনীত সদস্য/ সদস্যদের বয়স | অনুদানের শতকরা হার |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | | |
| | | | |
| | | | |

স্বাক্ষীগণ :

০১। স্বাক্ষর :
নাম :
পদবি :
ঠিকানা :

২। স্বাক্ষর :
নাম :
পদবি :
ঠিকানা :

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর :

নাম :

পদবি :

কর্মস্থল :

সংশ্লিষ্ট কর্মচারীর স্বাক্ষর আমা কর্তৃক প্রতিপাদিত

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/কার্যালয় প্রধান
(সীল মোহর)

বি: দ্র: কলাম নং- ০৪ এমনভাবে শতকরা হারে পূরণ করতে হবে যাতে ১০০% হয়।

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

পরিশিষ্ট - 'ক'
ফরম নং - ০২

............................ শাখা/কার্যালয়/বিভাগ
........................................

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদানের জন্য মনোনয়নপত্র।
(যে সমস্ত কর্মচারীর পরিবার নাই)
নাম :
ভবিষ্য তহবিলের সূচক সংখ্যা :
স্থান :
তারিখ :

মহোদয়,

আমি এই মর্মে ঘোষণা করছি যে, আমার পরিবার নাই এবং চাকুরীরত/পিআরএল ভোগরত অবস্থায় আমার মৃত্যু হলে (পরিবার নাই বিধায়) নিম্নলিখিত সদস্য/সদস্যদেরকে কর্মসংস্থান ব্যাংকের "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদান তাদের নামের পার্শ্বে উল্লিখিত হারে প্রদান করতে হবে :

| মনোনীত সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | সংশ্লিষ্ট কর্মচারীর সহিত মনোনীত ব্যক্তির সম্পর্ক | মনোনীত সদস্য/সদস্যদের বয়স | অনুদানের শতকরা হার |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | | |
| | | | |
| | | | |

স্বাক্ষীগণ :

০১। স্বাক্ষর :
নাম :
পদবি :
ঠিকানা :

২। স্বাক্ষর :
নাম :
পদবি:
ঠিকানা :

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর :

নাম :

পদবি :

কর্মস্থল :

সংশ্লিষ্ট কর্মচারীর স্বাক্ষর আমা কর্তৃক প্রতিপাদিত

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/কার্যালয় প্রধান
(সীল মোহর)

বি: দ্র: কলাম নং- ০৪ এমনভাবে শতকরা হারে পূরণ করতে হবে যাতে ১০০% হয়।

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

পরিশিষ্ট - 'ক'
ফরম নং - ০৩

............................... শাখা/কার্যালয়/বিভাগ

.........................................

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: **"মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদানের জন্য মনোনয়নপত্রে মনোনীত সদস্য/সদস্যদের মনোনয়ন বাতিল/নতুন নাম অন্তর্ভুক্তির ঘোষণা।**

**নাম :**

**ভবিষ্য তহবিলের সূচক সংখ্যা :**

**স্থান :**

**তারিখ :**

মহোদয়,

কর্মসংস্থান ব্যাংকের ''মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদানের জন্য ইত:পূর্বে মনোনীত সদস্য/সদস্যদের মনোনয়ন বাতিলপূর্বক নিম্নলিখিত সদস্য/সদস্যদের নাম অন্তর্ভুক্তির জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি :

| নতুনভাবে মনোনীত সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | সংশ্লিষ্ট কর্মচারীর সহিত নতুনভাবে মনোনীত সদস্য/সদস্যদের সম্পর্ক | মনোনীত সদস্য/ সদস্যদের বয়স | অনুদানের শতকরা হার |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | | |
| | | | |
| | | | |

স্বাক্ষীগণ :

০১। স্বাক্ষর :
নাম :
পদবি :
ঠিকানা :

২। স্বাক্ষর :
নাম :
পদবি :
ঠিকানা :

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর :

নাম :

পদবি :

কর্মস্থল :

সংশ্লিষ্ট কর্মচারীর স্বাক্ষর আমা কর্তৃক প্রতিপাদিত

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/কার্যালয় প্রধান
(সীল মোহর)

বি: দ্র: কলাম নং- ০৪ এমনভাবে শতকরা হারে পূরণ করতে হবে যাতে ১০০% হয়।

পরিশিষ্ট - 'খ'

................................ শাখা/কার্যালয়/বিভাগ

.........................................

উপ-মহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়: "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদানের জন্য আবেদন।

মহোদয়,

আমি/আমরা আপনার অফিসের মরহুম কর্মচারী (নাম) ......................................................................, পদবি : ..................................., ভবিষ্য তহবিলের সূচক সংখ্যা : ...................... এর পোষ্য এবং কর্মসংস্থান ব্যাংকের মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" (Death Relief Grant Scheme) এর আওতায় প্রদেয় অনুদান প্রাপ্তির জন্য মনোনীত বিধায় উক্ত প্রকল্পের নীতিমালা অনুযায়ী অনুদানের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি এবং নিম্নলিখিত কাগজপত্র দাখিল করছি।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

সংযুক্তি :
০১। মৃত্যু প্রত্যয়নপত্র।
০২। মৃত্যু সংক্রান্ত অফিস নির্দেশ।

বি: দ্র: সংশ্লিষ্ট মরহুম কর্মচারীর মৃত্যুকালীন কর্মরত শাখা/কার্যালয় প্রধানের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে।